



সংবাদ সম্মেলনে যাওয়ার পথে আটক এনসিপি নেতা তারেক রেজা



ছবি: সংগৃহীত

বিনাইদহে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) কেন্দ্রীয় যুগ্ম সদস্য সচিব তারেক রেজাকে গ্রেপ্তার করেছে পুলিশ। হামলা, ভাঙচুর ও হত্যার হুমকির অভিযোগে দায়ের হওয়া একটি মামলায় তাকে আটক করা হয়।

রোববার (২৪ মে) সন্ধ্যা সাড়ে ৬টার দিকে শহরের স্টেডিয়ামসংলগ্ন ফ্যামিলি জোন মিলনায়তনের সামনে থেকে বিনাইদহ সদর থানা পুলিশের একটি দল তাকে গ্রেপ্তার করে। ওই সময় সেখানে পুলিশের পাশাপাশি সাদা পোশাকের সদস্য ও গোয়েন্দা সংস্থার কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।

জানা যায়, তারেক রেজা সেদিন সন্ধ্যায় একটি জরুরি সংবাদ সম্মেলনে অংশ নিতে সেখানে যান। মিলনায়তনের সামনে পৌঁছানোর পরই পুলিশ তাকে আটক করে।

বিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আসাদউজ্জামান জানান, শনিবার দায়ের হওয়া মামলায় তারেক রেজাসহ কয়েকজনকে আসামি করা হয়েছে। সেই মামলার ভিত্তিতেই তাকে গ্রেপ্তার করা হয়েছে এবং অন্য আসামিদের ধরতে অভিযান অব্যাহত রয়েছে।

এর আগে শুক্রবার এনসিপির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীর বিনাইদহ সফরকে কেন্দ্র করে স্থানীয় ছাত্রদল ও এনসিপি নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষ, ধাওয়া-পাল্টাধাওয়া ও হাতাহাতির ঘটনা ঘটে। পরে উভয় পক্ষই পৃথক মামলা দায়ের করে। সেই ঘটনার ধারাবাহিকতায় রোববার তারেক রেজাকে গ্রেপ্তার করা হয়।